গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

বিষয়: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর অভিযোগ প্রতিকার বিষয়ে অংশীজনদের সঙ্গে মত বিনিময় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | এ কে মহিউদ্দিন আহমদ<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১১/০৫/২০২১। |
| সভার সময় | দুপুর ১১.০০ ঘটিকা। |
| স্থান | অনলাইন সিষ্টেম (জুম)। |
| উপস্থিতি | রেকর্ডেড। |

সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি বিপিআই এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে বিপিআই এর কার্যক্রম ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে উপস্থাপনা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিপিআই পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে অভিযোগ প্রতিকার ব্যবস্থাসমূহ উপস্থাপন করেন। এক্ষেত্রে তিনি জানান যে, বিপিআই প্রতি তিন মাসে একটি করে অংশীজনের সাথে অভিযোগ প্রতিকার বিষয়ক সভা করে থাকে।

৩। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিপিআই রমজানের শেষ সময়ে সভায় অংশগ্রহণ করার জন্য সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি পূর্ববর্তী সভার আলোচনার বিষয়ে আলোকপাত করেন। কোভিডের নতুন ভ্যারিয়েন্টের ভয়াবহতা বিষয়ে সবাইকে অবহিত করে পরবর্তী লকডাউন শেষ হওয়ার পর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমতি সাপেক্ষে সরাসরি প্রশিক্ষণ আয়োজনের কথা বলেন। প্রশিক্ষণ কার্যক্রমে সম্পৃক্ত থাকার সময় কোন সেবা সম্পর্কে অভিযোগ/পরামর্শ থাকলে বিপিআইকে অনলাইনে/ডাকযোগে অবহিত করার অনুরোধ জানিয়ে বলেন সংশ্লিষ্ট কর্মকর্তা সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। আলোচনায় অংশ নিয়ে জনাব দীন ইলাহী মোহাম্মদ আরিফুল ইসলাম, ব্যবস্থাপক, তিতাস গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড, পূর্ববর্তী একটি প্রশিক্ষণে একজন প্রশিক্ষণার্থীর বিল কমানোর বিষয়টি উপস্থাপন করেন। এ প্রসঙ্গে বিপিআই-এর পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) এর অনুমতিক্রমে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা বলেন লিখিত চিঠি পেলে বিপিআই বিল সমন্বয় করার ব্যবস্থা গ্রহণ করবে।

৬। জনাব মাহাদী হাসান, উপপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট বলেন আগামী অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডারে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন এবং সরকারের অন্যান্য মেন্ডেটের প্রশিক্ষণগুলো অর্থবছরের শুরুতেই রাখার বিষয়ে বিপিআই কে অনুরোধ জানান।

৭। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিপিআই আগামী অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডারে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন, জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ইত্যাদি বিষয়ে যথেষ্ট প্রশিক্ষণের ব্যবস্থা রাখা হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন যে, অংশীজনের অনুরোধে টেকনিক্যাল কর্মকর্তাদের কারিগরি বিষয়ক এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীদের অফিস ইটিকেট ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ আগামী জুনে নতুন অর্থবছরের প্রশিক্ষণ

ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত করা হবে ।

৮। জনাব প্রকৌশলী রাজিব ভট্টাচার্য, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড তথ্য-প্রযুক্তিতে বিশদ জ্ঞান অর্জনের জন্য মাইক্রোসফট পাওয়ার পয়েন্ট, এক্সেল, ই-জিপি ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণের উদ্যোগ নেয়ার আহবান জানান।

৯। জনাব ফরিদ আহমেদ, কোম্পানি সচিব, আরপিজিসিএল, Good Governance এর আওতায় E-GP বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি আরইবি এর মত ISO Certified অর্জনের বিষয়ে আলোকপাত করেন।

১০। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিপিআই জানান বিদেশের সাথে কোলাবরেশন করে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং ISO Certification এর বিষয়ে চেষ্টা করা হচ্ছে। বিপিআই'তে নতুন নিয়োগ হয়েছে এবং উন্নত, আধুনিক ও মডেল প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য চেষ্টা অব্যাহত আছে।

১১। জনাব পিকে সাহা, মহাব্যবস্থাপক, সুন্দরবন গ্যাস কো: লি: ঈদের পরে সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধি বিষয়ে দুই দিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে বিপিআই কে অনুরোধ জানান।

১২। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিপিআই বলেন, মেঘনা পেট্রোলিয়াম লি: এর প্রশিক্ষণ শাখার মাধ্যমে বিপিআই কে চিঠির মাধ্যমে জানালে বিপিআই প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে ।

<u>সিদ্ধান্ত</u> :

১। ভবিষ্যতে প্রস্তাব পেলে কারিগরিসহ যে কোন বিষয়ে বিপিআই প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে।

২। প্রদত্ত মতামতের আলোকে আগামী ২০২১-২০২২ অর্থ বছরের প্রশিক্ষণ সূচি আরো সুবিন্যস্ত আকারে তৈরী করা হবে।

৩। তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিষ্ট্রিবিউশন কো: লি: হতে আনুষ্ঠানিক পত্র পেলে সংশোধিত বিল প্রেরণ করা হবে।

৪। কোভিড পরিস্থিতি অনুকূলে হলে ভবিষ্যতে On spot Training আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ কে মহিউদ্দিন আহমদ
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.১৬.০২৪.১৮.১৫

তারিখ: ২৯ বৈশাখ ১৪২৮
১২ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [দৃ: আ: উপসচিব, প্রশাসন-২ অধিশাখা]

২) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (সদয় অবগতির জন্য)

৩) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) (সদয় অবগতির জন্য)

৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

৫) মহাপরিচালক , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট

৭) পরিচালক (যুগ্ম সচিব), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর

৯) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

১০) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

১১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

১২) ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

১৩) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

১৪) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৫) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৬) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

১৭) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড

১৮) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

১৯) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড

২০) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)

২১) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড

২২) ম্যানেজিং ডাইরেক্টর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

২৩) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড

২৪) ম্যানেজিং ডাইরেক্টর , ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

২৫) ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড

২৬) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড

২৭) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড

২৮) ক্যাপ্টেন শেখ এহসান রেজা (অব:), প্রধান মানব সম্পদ কর্মকর্তা, বসুন্ধরা এলপি গ্যাস লি., বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা

২৯) মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

৩০) মহাব্যবস্থাপক, প্রশাসন ডিভিশন, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

৩১) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩২) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩৩) সকল বৈজ্ঞানিক কর্মকর্তা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩৪) সকল সহকারী পরিচালক বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



এ কে মহিউদ্দিন আহমদ

মহাপরিচালক